গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন-৫
www.moha.gov.bd

নং- ৪৪.০০.০০০০.০০০.১৩৮.৯৯.০০০১.২৬-৯

তারিখ: ২৮ পৌষ ১৪৩২ / ১২ জানুয়ারি ২০২৬

বিষয়: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট ২০২৬ উপলক্ষ্যে বিদেশী নাগরিকদের আগমনী ভিসা (Visa on Arrival)-সহ অন্যান্য ভিসা প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট আয়োজনকালে বিদেশী নাগরিকদের আগমন, অবস্থান ও প্রস্থানে যথাযথ নিরাপত্তা নিশ্চিতের লক্ষ্যে আগমনী ভিসা (Visa on Arrival) সহ অন্যান্য ভিসা প্রদানে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) বিদ্যমান ভিসা নীতিমালা ২০০৬ ও পরবর্তীতে জারীকৃত অন্যান্য প্রজ্ঞাপনের শর্তাবলী যথাযথভাবে অনুসরণ ও প্রযোজ্য ডকুমেন্টস যাচাইপূর্বক বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন/দূতাবাস হতে সুনির্দিষ্ট ভিসা প্রদান করবে।

(খ) ১৫ সেপ্টেম্বর ২০১৬ তারিখে ৪৪.০০.০০০০.০৩৯.১৯.০০১.১২-১৪০৯ নং স্মারকে জারীকৃত পরিপত্রের শর্তাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক বিনা ভিসায় আগতদের আগমনী ভিসা (Visa on Arrival) প্রদান করবে।

(গ) আগমনী ভিসা (Visa on Arrival) প্রদানের ক্ষেত্রে আগমনের উদ্দেশ্য, স্পন্সরকারী প্রতিষ্ঠান/ব্যক্তি, হোটেল/আবাসস্থল, ফিরতি টিকেট ইত্যাদির প্রয়োজনীয় কাগজপত্র পুঙ্খানুপুঙ্খভাবে বিবেচনা করে সম্পূর্ণ সন্তুষ্ট হতে হবে। এক্ষেত্রে কোনো অনিয়ম বা ব্যত্যয় বা সন্দেহের ক্ষেত্রে ভিসা দেয়া যাবে না।

(ঘ) বিদেশী সামরিক ও নিরাপত্তা বাহিনীর সদস্যদের বাংলাদেশে আগমনের ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

(ঙ) নির্বাচন কমিশন, পররাষ্ট্র মন্ত্রণালয়/প্রযোজ্য ক্ষেত্রে তথ্য মন্ত্রণালয়ের সুপারিশ অনুযায়ী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট ২০২৬ পর্যবেক্ষণের জন্য আগত বিদেশী পর্যবেক্ষক ও সাংবাদিকদের নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত নির্বাচনকালীন সময়ের জন্য 'নির্বাচন পর্যবেক্ষণ' সম্বলিত সিলসহ আগমনী ভিসা প্রদান করবে।

(চ) নির্বাচন কমিশন এর সুপারিশের ভিত্তিতে নির্বাচন পর্যবেক্ষকদের ভিসা ফি মওকুফপূর্বক আগমনী ভিসা প্রদান করা যাবে।

(ছ) বাংলাদেশের আন্তর্জাতিক বিমান বন্দরসহ স্থল ও নৌ-বন্দরে বিদেশী নাগরিকদের ভিসা প্রদান, আগমন, প্রস্থানের সময় নিয়োজিত স্পেশাল ব্রাঞ্চ, গোয়েন্দা সংস্থা ও আইন-শৃঙ্খলা বাহিনীর মধ্যে সমন্বয় জোরদার করবে।

(জ) বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস/মিশন, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, স্পেশাল ব্রাঞ্চ এবং বাংলাদেশের আন্তর্জাতিক বিমান বন্দরসহ স্থল ও নৌ-বন্দরে বিদেশী নাগরিকদের ভিসা প্রদান ও আগমন-প্রস্থানের বিস্তারিত তথ্যাদি প্রতিদিন নিয়মিতভাবে এক্সেল ফরমেটে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অতিরিক্ত সচিব (বহিরাগমন অনুবিভাগ) এর প্রদত্ত ইমেইল immigrationwing@moha.gov.bd প্রেরণ করবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ শফিকুল ইসলাম)
উপসচিব
ফোনঃ ০২-২২৩৩৫৩৭১
Email: immigration5@moha.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নারী ও শিশু মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

নম্বর - ৩২.০০.০০০০.০০০.০১৮.০৯.০০৫৯.২৫ (অংশ-১) ৮০

তারিখ: ২৫.০১.২০২৬ খ্রি.

অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

দীপক কুমার রায়
উপসচিব
৫৫১০০৭৬৫
dsadmin@mowca.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), নারী ও শিশু মন্ত্রণালয়, ঢাকা।
২. নারী ও শিশু মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থা/একাডেমি/ফাউন্ডেশন প্রধান (সকল)।
৩. যুগ্মসচিব (সকল), নারী ও শিশু মন্ত্রণালয়।
৪. উপসচিব (সকল), নারী ও শিশু মন্ত্রণালয়।
৫. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, মাননীয় উপদেষ্টার দপ্তর, নারী ও শিশু মন্ত্রণালয়।
৬. সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, নারী ও শিশু মন্ত্রণালয়।
৭. সিনিয়র সহকারী সচিব (সকল), নারী ও শিশু মন্ত্রণালয়।
৮. প্রোগ্রামার, আইসিটি শাখা, নারী ও শিশু মন্ত্রণালয়। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৯. সহকারী সচিব / সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তা (সকল), নারী ও শিশু মন্ত্রণালয়।
১০. অফিস কপি।